ফ্যাক্স/ই-মেইল বার্তা

প্রতি : পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

হতে : বাংলাদেশ দূতাবাস, হ্যানয়

নং : ১৯.০১.৮৪০১.০০১.০৬.০১০.২৩

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

সূত্র নং : ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

বিষয় : 'তারুণ্যের উৎসব-২০২৫' উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস হ্যানয় কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

দূতালয় প্রধান হইতে পরিচালক (জন কূটনীতি)

সূত্রোস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'তারুণ্যের উৎসব-২০২৫' উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস হ্যানয় নিম্নোক্ত কর্মসূচি পালন করেছে:

নং	ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা	অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব
১	হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সাথে অফিসিয়াল সভা	০১	১. বাংলাদেশ দূতাবাসের পক্ষ হতে মান্যবর রাষ্ট্রদূত। ২. হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির পক্ষ হতে ৫ জন।	হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সচিবসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সদস্য উপস্থিত ছিলেন।
বাংলাদেশ ও ভিয়েতনামের জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ হলো যুবসমজ। দুই দেশের যুব সমাজের মধ্যে সম্পর্ক উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন মান্যবর রাষ্ট্রদূত ও হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সদস্যবৃন্দ। মান্যবর রাষ্ট্রদূত উভয় দেশের ইতিবাচক পরিবর্তনে যুবসমাজের সক্রিয় অংশগ্রহণের উপর আলোকপাত করেন। ভিয়েতনামের হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়ন যুব সমাজের উন্নয়নে বাংলাদেশের বিভিন্ন পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেন। তাঁরা শিক্ষা, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে দুই দেশের যুব সমাজের মধ্যে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির নিমিত্ত কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। মান্যবর রাষ্ট্রদূত ভিয়েতনামের হো চি মিন কমিউনিস্ট যুব ইউনিয়নের সদস্যবৃন্দকে বাংলাদেশে সাদর আমন্ত্রণ জানান।				

নং	ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা	অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব
২	বাংলাদেশের এগিয়ে চলা ও তারুণ্যের প্রত্যাশা	০১	নারী: ১০ জন পুরুষ: ২০ জন	ভিয়েতনামের হ্যানয়ে বসবাসরত বাংলাদেশীগণ
প্রবাসীদের অংশগ্রহণে বাংলাদেশ দূতাবাসে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে হ্যানয়ে বসবাসরত বাংলাদেশী তরুণগণ বাংলাদেশ সরকারের কাছে তাদের বিভিন্ন প্রত্যাশার কথা তুলে ধরেন। তারা তাদেরকে শিক্ষা, সংস্কৃতি ও প্রযুক্তিগতভাবে বিশ্বব্যাপী উপযোগী করে গড়ে তোলার জন্য সরকারকে সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। প্রবাসী তরুণরা এ ধরনের অনুষ্ঠান আয়োজন করার জন্য দূতাবাসকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন।				

০৪। বিষয়টি মন্ত্রণালয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(নাসির উদ্‌দীন)